



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/০৮(০২)/

তারিখঃ

বিষয়ঃ স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্রঃ আপনার ২৪-১১-২০১৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে অত্র কলেজের বিজ্ঞান মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০২০ ইং তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হল। এর পরিশ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০২১ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির সময়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সজ্ঞাযজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) আবশ্যিক বিষয় সমূহঃ বাংলা, ইংরাজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্ব্যচনিক বিষয় সমূহঃ

- ক) মানবিক বিভাগঃ অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম- শিক্ষা,সমাজকর্ম, ভূগোল, পরিসংখ্যান,উচ্চতর বাংলা।
- খ) ব্যবসায় শিক্ষা বিভাগঃ হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, সাচিবিক বিদ্যা ও অফিস-ব্যবস্থাপনা।
- গ) বিজ্ঞান বিভাগঃ পদার্থ, রসায়ন, জীববিদ্যা, উচ্চতর গণিত।
- শর্তাবলীঃ
- ১। প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
  - ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
  - ৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
  - ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
  - ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
  - ৬। কলেজে সীমানা প্রাচীর নির্মান ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।
  - ৭। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
  - ৮। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
  - ৯। কলেজের সকল বিভাগে বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

১৪/১৫

প্রাপকঃ অধ্যক্ষ,

খোকসা কলেজ,খোকসা

ডাকঃ খোকসা,জেলা- কুষ্টিয়া।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/০৮(০২)/ ১৯৫৭(৭)/৫

তারিখঃ ২/২/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া।
- ৭। অফিস নথি।

১৫/১৫  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর